

ক্যানসার স্ক্রিনিং শিবির

শিলিগুড়ি, ৫ নভেম্বর : উত্তরবঙ্গে সম্প্রদায়ভিত্তিক ক্যানসার স্ক্রিনিং শিবিরের আয়োজন করবে শিলিগুড়ির অদূরে রাজাপানির মেডিক্যাল ক্যানসার হাসপাতাল। বুধবার এক সাংবাদিক বৈঠকে ওই হাসপাতালের তরফে ডাঃ সলিল দত্ত, ডাঃ গুরুজ্য টোথুরি, ডাঃ সৌরভ গুহ বলেন, 'মাথা, ঘাড়, গলা ও স্তন ক্যানসার সঠিক সময়ে যদি ধরা পড়ে তবে ৮০ শতাংশ ক্ষেত্রে তা নিরাময় করা সম্ভব। তাই সঠিক সময়ে যাতে চিকিৎসা করানো যায় সেই কারণে এই শিবিরের আয়োজন।' সাংবাদিক সম্মেলনে জানানো হয়, এই হাসপাতালটিতে রয়েছে ক্যানসারের চিকিৎসার আধুনিক সবরকম ব্যবস্থা। তাই এখন আর ক্যানসারের চিকিৎসার জন্য রাজ্যের বাইরে কোথাও যাওয়ার প্রয়োজন নেই।

গ্রহ
ক্ষতি
নেই
মতো
ওরে
সের
বাংগ্রহ
তি ও
লটাই